ত্রিপুরা সরকার
তথ্য ও সংস্কৃতি অধিকার
*****

স-২৫৩৪

আগরতলা, ২৬ আগস্ট, ২০২৫

**প্রকাশিত সংবাদের স্পষ্টিকরণ**

"স্বাস্থ্য ব্যবস্থা মুখ থুবড়ে গ্রাম-পাহাড়ে," এই শিরোনামে দৈনিক সংবাদ পত্রিকায় গত ২০ আগস্ট, ২০২৫ এবং "এক্সরে মেশিন খারাপ, নেই স্যালাইন জিরানিয়া হাসপাতালে স্বাস্থ্য পরিষেবার হাল বেহাল," এই শিরোনামে আজকের ফরিয়াদ পত্রিকায় গত ১৯ আগস্ট, ২০২৫ প্রকাশিত সংবাদ দুটি স্বাস্থ্য ও পরিবার কল্যাণ দপ্তরের নজরে এসেছে। এই সংবাদগুলোর পরিপ্রেক্ষিতে জিরানিয়া সামাজিক স্বাস্থ্যকেন্দ্রের প্রদত্ত রিপোর্টের ভিত্তিতে দপ্তরের পক্ষ থেকে স্পষ্টিকরণ দিয়ে জানানো যাচ্ছে যে, জিরানিয়া সামাজিক স্বাস্থ্যকেন্দ্রের এক্সরে মেশিনটির সিআরসিস্টেমে ত্রুটি দেখা দেওয়ায় ইমেজিং পরিষেবা প্রদান সম্ভব হয়নি। উক্ত সমস্যার সমাধানে প্রয়োজনীয় পদক্ষেপ গ্রহণ করা হয়েছে। সংশ্লিষ্ট মেরামতকারী সংস্থার সঙ্গে যোগাযোগ সম্পন্ন হয়েছে। শীঘ্রই এক্স-রে পরিষেবা পুনরায় চালু করা হবে।

এদিকে, সংবাদপত্রে অভিযোগ করা হয়েছে যে রোগীদের এক্স-রে করাতে হলে ছুটে যেতে হচ্ছে রাণীরবাজারে, এ বিষয়ে কর্তৃপক্ষ জানিয়েছেন,১০০ দিনের টিবি ক্যাম্পেইনের আওতায় বুকের এক্স-রে করানোর জন্য রোগীদের বাইরের ক্লিনিকে পাঠানো হয়।

এছাড়াও, সংবাদপত্রে অভিযোগ করা হয়েছে যে এনএস স্যালাইন পর্যন্ত বাজার থেকে কিনে আনতে হয়েছে। এ বিষয়ে কর্তৃপক্ষ জানিয়েছেন, ২০ আগস্ট ২০২৫ এর স্টক রেজিস্টার অনুযায়ী জিরানিয়া সামাজিক স্বাস্থ্যকেন্দ্রে এনএস স্যালাইন মজুদ রয়েছে।

*****